অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/20/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহে গুলির ঘটনা 29 শতাংশ হ্রাস পাওয়ার ঘোষণা করলেন

ইয়োঙ্কার্স, লং আইল্যান্ড, রচেস্টার, সিরাকিউজ এবং স্টেটের অন্যান্য এলাকায় উল্লেখযোগ্য হ্রাস

গভর্নর বন্দুক সহিংসতা হ্রাস করার জন্য প্রায় 350 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ নিশ্চিত করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে 2024 সালের জুলাই মাস পর্যন্ত বিগত বছরের একই সাত মাসের 29 শতাংশ হ্রাস সময়কালের তুলনায় গুলির ঘটনায় আহত হওয়ার সংখ্যা হ্রাস পেয়েছে, নিউ ইয়র্ক স্টেটের বন্দুক জড়িত সহিংসতা নির্মূল (Gun Involved Violence Elimination, GIVE) উদ্যোগে অংশগ্রহণকারী পুলিশ বিভাগ এই প্রতিবেদন করেছে।সার্বিক এই হ্রাস হলো GIVE এ অংশগ্রহণকারী 28টি পুলিশ বিভাগ যেই সম্প্রদায়সমূহে সেবাদান করে সেখানকার বন্দুক সহিংসতার গুরুত্বপূর্ণ, দীর্ঘস্থায়ী হ্রাসের ফলাফল।

"নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখা আমার শীর্ষ অগ্রাধিকার," **গভর্নর হোকল বলেন।** "বন্দুক সহিংসতা হ্রাস করতে আমাদের সার্বিক প্রয়াস কাজ করছে, এবং আমাদের স্টেটের সকল সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করার লড়াই আমি কখনো বন্ধ করবো না।"

এই 29 শতাংশ হ্রাস হলো 1 জানুয়ারি থেকে 31 জুলাই, 2023 তারিখ পর্যন্ত হওয়া 497টি ঘটনার তুলনায় 1 জানুয়ারি থেকে 31 জুলাই, 2024 তারিখ পর্যন্ত হওয়া 351টি গুলির ঘটনার প্রতিফলন।

নিউ ইয়র্ক স্টেটের GIVE উদ্যোগটি 21টি কাউন্টির 28টি পুলিশ বিভাগকে সমর্থন করে যেখানে নিউ ইয়র্ক সিটির বাইরে স্টেটের অধিকাংশ জনসংখ্যা বাস করে।

নিম্নলিখিত পুলিশ বিভাগগুলি 2024 সালের জুলাই মাস পর্যন্ত বিগত বছরের একই সাত মাসের সময়কালের তুলনায় গুলির ঘটনায় বিশেষভাবে উল্লেখযোগ্য হ্রাসের প্রতিবেদন করেছে:

- ইয়োঙ্কার্স: 57 শতাংশ হ্রাস
- নাসাউ কাউন্টি: 56 শতাংশ হ্রাস
- সাফোক কাউন্টি: 50 শতাংশ হ্রাস

- রচেস্টার: 35 শতাংশ হ্রাস
- সিরাকিউজ: 32 শতাংশ হ্রাস

এছাড়াও একই সময়কালে GIVE সম্প্রদায়সমূহে বন্দুক সহিংসতায় নিহত ব্যক্তির সংখ্যা 21 শতাংশ হ্রাস পেয়েছে। (1 জানুয়ারি থেকে 31 জুলাই, 2023 তারিখ পর্যন্ত 89 জন ব্যক্তির তুলনায় 1 জানুয়ারি থেকে 31 জুলাই, 2024 তারিখ পর্যন্ত 70 জন্য ব্যক্তি।)

GIVE উদ্যোগে অংশগ্রহণকারী 28টি পুলিশ বিভাগের প্রত্যেকটির 2024 সালের জুলাই মাসের ডেটা স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগের (Division of Criminal Justice Services, DCJS) ওয়েবসাইটে উপলভ্য আছে।

GIVE সম্প্রদায়সমূহে সংঘটিত বন্দুক সহিংসতার ঘটনা হ্রাস পাওয়ার পাশাপাশি নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ (New York City Police Department) 2024 সালের জুলাই মাস পর্যন্ত বিগত বছরের একই সময়ের তুলনায় নিউ ইয়র্ক সিটিতে গুলির ঘটনা ঘটনা 11 শতাংশ হ্রাস (530 বনাম 595) পাওয়ার প্রতিবেদন করেছে।

বন্দুক সহিংসতার সমাধান করে, অপরাধ হ্রাস করে এবং জননিরাপত্তা উন্নত করার জন্য বহুমাত্রিক পন্থার গুরুত্বকে স্বীকার করে এমন একটি সার্বিক পরিকল্পনার অর্থায়নের জন্য অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে গভর্নর হোকলের নিশ্চিত করা 347 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে।

গভর্নরের বিনিয়োগের মধ্যে রয়েছে ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগ দ্বারা পরিচালিত জাতীয়ভাবে স্বীকৃত উদ্যোগ যা বন্দুক সহিংসতা এবং সহিংস অপরাধ দ্বারা সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলিতে আইন প্রয়োগকারী এজেন্সি এবং সম্প্রদায়ভিত্তিক সংগঠনকে তহবিল, প্রশিক্ষণ এবং কারিগরি সহায়তা প্রদান করে:

- বন্দুক জড়িত সহিংসতা নির্মূল উদ্যোগের (Gun Involved Violence Elimination, GIVE) জন্য প্রায় 36 মিলিয়ন মার্কিন ডলার। GIVE এর মাধ্যমে, DCJS 21টি কাউন্টির 28টি পুলিশ বিভাগকে প্রমাণভিত্তিক কৌশল বাস্তবায়ন করতে সহায়তা করে যা বন্দুক সহিংসতা হ্রাস করতে সফল হিসেবে প্রমাণিত হয়েছে, এর মধ্যে রয়েছে সমস্যাকেন্দ্রিক পুলিসিং, হট স্পট পুলিসিং, কেন্দ্রীগত প্রতিরোধ/গোষ্ঠী সহিংসতায় হস্তক্ষেপ, সড়কে আউটরিচ, এবং পরিবেশগত নকশার মাধ্যমে অপরাধের প্রতিরোধ করা। এই কৌশলগুলি এমন কিছু ব্যক্তি এবং স্থানের উপর মনোযোগ প্রদান করে যারা বেশিরভাগ সহিংসতার জন্য দায়ী এবং আস্থা তৈরি করতে এটি বৃহত্তর সম্প্রদায়ের সাথে জড়িত হয়। এছাড়াও GIVE এইসব কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস, প্রবেশন বিভাগ, এবং শেরিফের অফিসের অর্থায়ন করে।
- SNUG সড়ক আউটরিচ (SNUG Street Outreach) কর্মসূচিটির জন্য 21 মিলিয়ন মার্কিন ডলার, যা উৎস শনাক্ত করা,বিস্তার রোধ করা এবং সহিংসতা দ্বারা আক্রান্ত ব্যক্তি, পরিবার ও সম্প্রদায়সমূহের চিকিৎসা করার মাধ্যমে বন্দুক সহিংসতার সমাধান করতে একটি জনস্বাস্থ্য পন্থা অবলম্বন করে।

সম্প্রদায়ভিত্তিক সংগঠন এবং হাসপাতাল 14টি সম্প্রদায়ে কর্মসূচিটি পরিচালনা করে এবং প্রায় 200 জন আউটরিচ কর্মী, সামাজিক কর্মী এবং কেস ব্যবস্থাপককে চাকরি প্রদান করে৷ যারা সহিংসতার ঘটনায় প্রিয়জন হারিয়েছে বা পূর্বেই কোনোভাবে বিচার ব্যবস্থার সাথে জড়িত হয়েছে তাদের জন্য আউটরিচ কর্মীরা নির্ভরযোগ্য বার্তাবাহক। অতিরিক্ত সহিংসতার সৃষ্টি হওয়ার পূর্বেই প্রতিশোধ প্রতিরোধ, দ্বন্দ্ব সনাক্ত করা এবং শান্তিপূর্ণভাবে তা সমাধান করার জন্য তারা গুলির ঘটনার পর সাড়াদান করে। সামাজিক কর্মী এবং কেস ব্যবস্থাপকেরা বন্ধু ও পরিবারসহ সম্প্রদায়ের সহিংসতা দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাথে কাজ করে। এছাড়াও DCJS নিউ ইয়র্ক সিটির সহিংসতাকে ব্যাহত করার প্রয়াসকে সমর্থন করে, কর্মসূচির মাত্রা বৃদ্ধি করার জন্য এর সঙ্কট ব্যবস্থাপনা ব্যবস্থার (Crisis Management System, CMS) জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে।

- স্টেটের অপরাধ বিশ্লেষণ কেন্দ্রের (Crime Analysis Centers) অনন্য নেটওয়ার্কের জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার, যা স্টেটব্যাপী স্থানীয় আইন প্রয়োগকারী এজেন্সির জন্য তথ্য, গোপন সংবাদ এবং ডেটা বিশ্লেষণ, সংকলন এবং বিতরণ করে। অন্য কোন স্টেটেই এর অনুরূপ কিছু নেই, 10টি কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটিতে স্থানীয় আইন প্রয়োগকারী এজেন্সির সাথে অংশীদারিত্বে পরিচালিত কেন্দ্রগুলি অপরাধ প্রতিরোধ করতে, তদন্ত এবং সমাধান করার ক্ষেত্রে স্টেট ও স্থানীয় প্রয়াসের কেন্দ্র হিসেবে কাজ করে। শুধু গত বছরেই কর্মীরা 90,000টিরও বেশি সহায়তার অনুরোধ নিয়ে কাজ করেছে, এজেন্সিগুলিকে খুচরা চুরি থেকে শুরু করে খুন পর্যন্ত সবকিছুর সমাধান করতে সহায়তা করেছে।
- সামাজিক জড়িতকরণের মাধ্যমে অন্তরঙ্গতার পুনঃকল্পনা (Reimagining Intimacy through Social Engagement, RISE) প্রকল্পের জন্য সর্বোচ্চ 20 মিলিয়ন ডলার, এটি একটি অনন্য অর্থায়নের মডেল যা বন্দুক সহিংসতার *সাড়াদান করতে*, সমাধানে *বিনিয়োগ করতে*, ইতিবাচক কর্মসূচি *বহাল* রাখতে এবং সম্প্রদায়ের *ক্ষমতায়নের* জন্য সম্প্রদায়ের স্টেকহোল্ডারদেরকে একত্রিত করে৷ এর প্রথম বছরে, উদ্যোগটি 74টি ক্ষুদ্র, তৃণমূল কর্মসূচিসহ 99টি সংগঠনকে সমর্থন করে, যার মধ্যে অনেকগুলি তাদের কাজের জন্য কখনো স্টেটের সমর্থন পায়নি। RISE দ্বারা অর্থায়িত কর্মসূচি এবং পরিষেবার মধ্যে রয়েছে একাডেমিক সমর্থন, কর্মসংস্থান পরিষেবা, মেন্টরিং, এবং অপরাধ/সহিংসতা প্রতিরোধ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন